

বিএনপি অস্ট্রেলিয়ার ওয়েভ সাইটের বর্ণাঢ্য উদ্বোধন অনুষ্ঠানে খালেদা-তারেক-কোকো সহ নেতৃবৃন্দের নিঃশর্ত মুক্তি দাবি



কায়সার আহমেদ: বিএনপি অস্ট্রেলিয়া ৭ই জুলাই ২০০৮ সোমবার দুপুর বারোটায় তাদের ওয়েভ সাইটের উদ্বোধনের মধ্যে দিয়ে বিএনপি নেতা-কর্মীদের মুক্তি ও বাংলাদেশে গনতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনে এক নতুন মাইল ফলক স্থাপন করেছে। সিডনির ইস্টলেইকে স্থানীয় এক রেস্টুরেন্টে বাংলাদেশ জাতীয়তাবাদী দল অস্ট্রেলিয়া শাখার আহ্বায়ক দেলোয়ার হোসেন কম্পিউটারের বোতামে হাত রেখে দলীয় নেতা-কর্মীদের মুহুমুহু তালির মধ্যে দিয়ে তাদের নতুন ওয়েভ সাইট bnpaustralia.com এর উদ্বোধন করেন।

ওয়েভ সাইটটি উদ্বোধনের পূর্ব মুহূর্তে এর উদ্দেশ্য ও আদর্শ নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভা চলাকালীন সময়ে উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন দলীয় নেতৃবৃন্দ। জিয়া পরিষদের সভাপতি কুদরত উলাহ লিটন তার বক্তব্যে দেশে দলীয় নেতৃবৃন্দের উপর যেভাবে অত্যাচার করা হচ্ছে তার এক বিশদ বর্ণনা তুলে ধরে বলেন যেভাবে বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘন হচ্ছে তাতে দেশের জনগন বেশীদিন সহ্য করবে না। অস্ট্রেলিয়াস্থ বাংলাদেশ জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংগঠনের সভাপতি বেলাল হোসেন ঢালী বলেন সরকারের সময় শেষ হতে চলেছে, তাদেরকে সকল মানবাধিকার লঙ্ঘনের জবাবদিহিতা দিতে হবে। দুঃখ জনক হলেও সত্য আজ সকল কুটনীতিক রীতি নীতি উপেক্ষা করে অস্ট্রেলিয়ার আইন ভঙ্গ করে বাংলাদেশ দূতাবাস থেকে প্রবাসীদের দেশে গনতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলন থেকে বিরত থাকার হুমকি প্রদান করা হয়। তিনি বলেন আজকের এই ওয়েভ সাইটের মাধ্যমে সারা দুনিয়ায় খালেদা-তারেক-কোকো সহ সকল রাজনৈতিক নেতার মুক্তির সহ বাংলাদেশে গনতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলন ত্বরান্বিত করা হবে।

বিএনপি অস্ট্রেলিয়ার সিনিয়র নেতা রুহুল আহমেদ সওদাগর কান্না মিশ্রিত বাষ্পরুদ্ধ কণ্ঠে বলেন আমাদের প্রাণ প্রিয় নেতা তারেক রহমানের সিডনি এসে আজকের এই ওয়েভ সাইট উদ্বোধন করার কথা ছিল, কিন্তু তিনি আজ বর্তমান অবৈধ সরকারের কারাগারে মৃত্যুর সাথে লড়াই করছেন। অবৈধভাবে তাকে মিথ্যে ষড়যন্ত্র মূলক মামলায় জড়ানো হয়েছে এবং অমানবিক অত্যাচার করে তার মেরুদণ্ড ভেঙ্গে দেয়া হয়েছে। সমাপনি বক্তব্যে আহ্বায়ক দেলোয়ার হোসেন বলেন বিএনপি অস্ট্রেলিয়ার ওয়েভ সাইটটি নিবেদন করা হবে দেশ মাতৃকার সেবায়, দেশে সুস্থ রাজনীতি পুনরুদ্ধারের জন্য। এটাকে কোন ব্যক্তি বিশেষ বা দলকে আঘাত করার জন্য ব্যবহার করা হবে না। তিনি সরকারকে হুঁশিয়ার করে দিয়ে বলেন কোন কোন দলের সাথে আতাত করে সাজানো নির্বাচন দিলে জনগন তা মেনে নিবে না। তিনি আরও বলেন এধরনের আতাত করে বর্তমান সরকারের প্রস্থান নিরাপদ হবে মনে করার কোন কারণ নেই। সভাটি পরিচালনা করেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র দল অস্ট্রেলিয়ার সভাপতি মোসলেহউদ্দিন আরিফ।